

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং/২৭শে মে, ১৯৯৯ ইং

এস.আর.ও নং ১১৫-আইন/৯৯/২১১-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা আষাঢ়, ১৩৯৯ বাং মোতাবেক ১৮ই জুন, ১৯৯২ ইং তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৪২-আইন/৯২/৫৫-মূসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা ০৪.০২, ২২.০২, ৩২.০৭ হইতে ৩২.১২, ৩৩.০৪, ৩৩.০৫, ৩৩.০৬ ও ৩৩.০৭ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ বর্ণিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১১ই জুন, ১৯৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(আব্দুল মুয়ীদ চৌধুরী)

সচিব